গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
শহীদ বুলবুল সরকারি কলেজ, পাবনা।
E-mail: sbgc.gov.college@gmail.com
www.sbgcp.edu.bd
অফিস: ০১৩০৯১২৫৬৬৪

বিজ্ঞপ্তি নম্বর-২৩৭/২০২৬ তারিখ: ২৩/১১/২০২৬ খ্রি.

এ কলেজে ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের আওতায় বাস্তবায়নাধীন সমন্বিত উপবৃত্তি কর্মসূচির মাধ্যমে দেশের উচ্চ মাধ্যমিক শ্রেণিতে অধ্যয়নরত **ছাত্রীদের জন্য সর্বজনীন তথা ১০০% উপবৃত্তি চালু** এবং ছাত্রদের জন্য বিদ্যমান পদ্ধতিতে উপবৃত্তি চলমান রাখার সিদ্ধান্ত গ্রহণ করেছেন। উক্ত সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে শিক্ষার্থীদের G to P পদ্ধতিতে উপবৃত্তির অর্থ প্রদানের জন্য নিজ নামে অথবা অভিভাবকের নামে যেকোনো ব্যাংক একাউন্ট অথবা মোবাইল ব্যাংকিং একাউন্ট থাকা আবশ্যক। এমতাবস্থায়, নিম্নোক্ত নির্দেশনা অনুসরণপূর্বক ব্যাংক একাউন্ট অথবা মোবাইল ব্যাংকিং একাউন্ট খোলার জন্য সংশ্লিষ্ট সকলকে বলা হলো। উল্লেখ্য যে দ্রুততম সময়ের মধ্যে আবেদন ফরমসহ অন্যান্য তথ্যাদি কলেজের ওয়েবসাইটের (www.sbgcp.edu.bd) মাধ্যমে জানানো হবে।

ব্যাংকিং একাউন্ট খোলার নিয়ম:

১. ছাত্র/ছাত্রীর নিজ নামে অথবা পিতা বা মাতার সাথে যৌথভাবে স্কুল ব্যাংকি একাউন্ট খুলতে হবে অথবা পিতা বা মাতার নামে ব্যাংক একাউন্ট থাকতে হবে।

২. মোবাইল ব্যাংকিংয়ের ক্ষেত্রে পিতা বা মাতার মধ্যে যাকে অভিভাবক হিসেবে নির্বাচন করা হবে, তার জাতীয় পরিচয়পত্র (NID) দিয়ে সংশ্লিষ্ট মোবাইল নম্বরটি নিবন্ধিত থাকতে হবে এবং একই NID ব্যবহার করে উক্ত মোবাইল নম্বরে নগদ/বিকাশ/রকেট অ্যাকাউন্ট খোলা থাকতে হবে।

৩. পিতা বা মাতা জীবিত না থাকলে অভিভাবক হিসাবে আপন ভাই/বোন/দাদা/দাদী/নানা/নানী-এর যেকোন একজনকে অভিভাবক হিসেবে উল্লেখ করে তার সাথে ব্যাংকে শিক্ষার্থীর নামে যৌথ স্কুল ব্যাংকিং একাউন্ট খুলতে হবে।

২৩/১১/২৬
প্রফেসর মোঃ বাহেজ উদ্দিন
আইডি নং- ৭৮৮২
অধ্যক্ষ
শহীদ বুলবুল সরকারি কলেজ, পাবনা।

প্রফেসর মোঃ বাহেজ উদ্দিন (৭৮৮২)
অধ্যক্ষ
শহীদ বুলবুল সরকারি কলেজ, পাবনা।

অনুলিপি সদয় অবগতির জন্য:
১। উপাধ্যক্ষ, শহীদ বুলবুল সরকারি কলেজ, পাবনা।
২। সম্পাদক, শিক্ষক পরিষদ, শহীদ বুলবুল সরকারি কলেজ, পাবনা।
৩। শ্রেণিকক্ষ/নোটিশ বোর্ড/ছাত্রী কমন রুম।
৪। হিসাবরক্ষক, শহীদ বুলবুল সরকারি কলেজ, পাবনা।
৫। অফিস নথি।